

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০২.০০২.১৯-৬৯০

তারিখঃ ১৬ পৌষ ১৪২৬  
৩১ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ সিনিয়র সহকারী জজ আদালত, নোয়াখালীতে দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-৩২৫/১৭ চলমান থাকায় দৈনিক জনকণ্ঠ পত্রিকায় ১৮.১১.১৯ তারিখে প্রকাশিত ক্ষমতা বহির্ভূত আবশ্যিক নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলের আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তিক্রমে টিএমইডিকে অবহিতকরণ।

সূত্র: মুহাম্মাদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার স্মারক নং-EIIN:107250/Code No:19977/অভিযোগ/৬০ তারিখ: ৩০.১১.১৭ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকমূলে জানানো হয় যে, মুহাম্মাদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার নিয়মিত ম্যানেজিং কমিটি সংক্রান্তে অভিযোগনামা আমলে আনায় জেলা প্রশাসক, নোয়াখালী স্মারক নং-৩৯. তারিখ: ২৫.০২.১৯ ও এমসি/নির্বাচন সংক্রান্তে জেলা জজ কোর্ট, নোয়াখালী, বেগমগঞ্জ দেওয়ানীয় আদালতে ৩২৫/১৭ মামলা চলমান থাকায় এমসি/জিবি প্রবিধানমালা, ২০০৯ এর ৩৯(১) ধারায় বর্ণিত এডহক কমিটি প্রক্রিয়াধীন।

০২। উল্লেখ্য, বর্তমান ম্যানেজিং কমিটির বিরুদ্ধে চলমান মামলা নিষ্পত্তি না হওয়া সত্ত্বেও নোয়াখালী জেলা জজ আদালতে দেওয়ানী মামলা নং-৩২৫/১৭ চলমান থাকায় দৈনিক জনকণ্ঠের ১৮.১১.১৯ তারিখের ক্ষমতা বহির্ভূত আবশ্যিক নিয়োগ বিজ্ঞপ্তি ও নিয়োগ প্রক্রিয়া বাতিলসহ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকার ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি প্রবিধানমালা, ২০০৯ এর ৩৮ নং ধারায় ম্যানেজিং কমিটি বাতিল প্রক্রিয়াধীন আছে মর্মে আবেদনে উল্লেখ করা হয়।

০৩। মামলা নিষ্পত্তি না হওয়ায় এডহক কমিটি অনুমোদনের পূর্ব পর্যন্ত নিয়োগ প্রক্রিয়া বাতিল করে শূন্য পদ না থাকায় পরবর্তীতে অনুমোদিত নতুন কমিটির মাধ্যমে ১৮.১১.১৯ খ্রি. তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির নিয়োগ প্রক্রিয়া স্থগিত করার আদেশদানের জন্য সচিব, টিএমইডি বরাবর আবেদন করা হয়।

০৪। উল্লেখ্য, মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের নিয়োগ (অধ্যক্ষ/সুপার/৩য়/৪র্থ শ্রেণি) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সম্পাদন করা হয়ে থাকে বিধায় আবেদনের বিষয়বস্তু মহোদয় কর্তৃক নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৫। এমতাবস্থায়, মুহাম্মাদিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা, বেগমগঞ্জ, নোয়াখালী হতে প্রাপ্ত আবেদনপত্রের ছায়ািলিপি প্রেরণপূর্বক আবেদনে বর্ণিত দেওয়ানী মোকদ্দমা নং-৩২৫/১৭ আমলে নিয়ে দৈনিক জনকণ্ঠ পত্রিকায় ১৮.১১.১৯ তারিখে প্রকাশিত ক্ষমতা বহির্ভূত আবশ্যিক নিয়োগ বিজ্ঞপ্তির বিষয়ে দাখিলকৃত আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তিক্রমে আগামী ১৫.০১.২০ তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: ৩০.১১.১৯ তারিখের আবেদনসহ অন্যান্য কাগজপত্র-১১ ফর্দ।

(মো: আ: খালেদ মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মাস্টার কপি/অফিস কপি।